

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ৪০০ খাতা উদ্ধার, ৩ জনকে সাজা

■ মাতরা প্রতিনিধি
মাতরা, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের
ডিগ্রি পরীক্ষার ৪০০ খাতাসহ ৩
কর্মচারীকে আটক করা হয়েছে।

তারিখ হওয়া মাতরা শহরের আদর্শ
কলেজের ৩ অফিস সহকারী
গোলাম মোস্তফা, এবাদত হোসেন
ও সূভাষ কুমার।

৩০-বার রাত্রে অতিরিক্ত জেলা
ম্যাজিস্ট্রেট রাহাত আনোয়ার ও
সদর ইউএনও আবদুর রাজ্জাকের
নেতৃত্বে সদর থানা পুলিশ ওই
তিনজনের বাড়িতে অভিযান
চালায় খাতা উদ্ধার ও তাদের
আটক করে। পরে গতকাল
বিকেল আটক ৩ কর্মচারীকে
সাক্ষা-প্রমাণের ভিত্তিতে এক বছর
করে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ
আদালত। সদর ইউএনও ও নির্বাহী
ম্যাজিস্ট্রেট আবদুর রাজ্জাক
ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে
তাদের এ সাজা দেন।

ইউএনও আবদুর রাজ্জাক
জানান, ৩০-বার উন্মুক্ত
বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি ইংরেজি
বিষয়ের পরীক্ষা হয়। পরীক্ষার পর
বিকলে তাদের কাছে ওধা আসে,
একটি চক্র জালিয়াতির মাধ্যমে

নতুন করে খাতায় দিবে পরীক্ষার
মূল খাতার ভেতরের পাতা ফেলে
টপশিটের সঙ্গে তা সংযুক্ত করে
জমা দিচ্ছে। খোঁজ নিয়ে ঘটনার
সত্যতা পাওয়ার পর রাত ৮টার
দিকে সদর উপজেলার দক্ষিণ
মির্জাপুর গ্রামে জিয়াউল নাযে এক
ছাত্রের বাড়িতে অভিযান চালানো
হয়।

এ সময় সে-পালিয়ে গেলেও তার
ঘর থেকে পরীক্ষার খাতা উদ্ধার
হয়। পরে রাত ১২টা পর্যন্ত
উপজেলার শিবরামপুর, নড়িহাটি,
নিজানামুদ্রাপী গ্রামে আদর্শ
কলেজের তিন কর্মচারীর বাড়িতে
অভিযান চালানো হয়। এ সময়
তাদের কাছে থাকা ৪০০ খাতা
উদ্ধার ও তাদের আটক করা হয়।

এদিকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মাতরা কেন্দ্রের পরিচালক আদর্শ
কলেজের অধ্যক্ষ সূর্যকান্ত বিশ্বাস
জানান, ৩০-বার ইংরেজি বিষয়ের
পরীক্ষার পরই কনিষ্ঠার দায়িত্বপ্রাপ্ত
ব্যক্তির মাধ্যমে খাতা পোস্ট অফিসে
জমা দেওয়া হয়। কীভাবে এ ঘটনা
ঘটেছে তা তিনি জানে না। তবে
ওদণ্ডে সঠিক ঘটনা বেরিয়ে আসবে
বলে জানান।